স:-মুদ্রি ১.১.৪

রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
(রাজশাহী ওয়াসা)
বাসা নং-২৮৪, সেক্টর-২ হাউজিং এস্টেট, উপশহর রাজশাহী-৬২০২।
www.rajshahiwasa.org.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যাবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব সুলতান আব্দুল হামিদ<br>ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা, রাজশাহী |
| সভার স্থান | : | রাজশাহী ওয়াসার সভা কক্ষ |
| তারিখ ও সময় | : | ০১ এপ্রিল বেলা ১০:৩০ ঘটিকা |
| সভায় উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-'ক' |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি নৈতিকতা কমিটির সদস্য-সচিব (ফোকাল পয়েন্ট)-কে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য সচিব সভাকে জানান যে, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২০২০-২০২১ মেয়াদে রাজশাহী ওয়াসা কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা অনুযায়ী কোভিড-১৯ পরিস্থিতির কারণে সরকারি নির্দেশনা অনুসরণ পূর্বক ও জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে সভাটি আয়োজন করা হয়েছে। অতঃপর প্রেরিত কর্মপরিকল্পনার কার্যক্রমসূচি অনুযায়ী সভায় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের জন্য নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **১। নৈতিকতা কমিটির সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়নঃ**<br>এই বিষয়ে সদস্য সচিব (ফোকাল পয়েন্ট) সভাকে অবহিত করেন যে, কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী ০৪টি সভার মধ্যে ২০২০-২১ মেয়াদের ৪র্থ সভা। নৈতিকতা কমিটির সভাসমূহ যথাসময়ে সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য সভাপতি অভিমত ব্যক্ত করেন। | নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহের দ্রুত বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। | ১। সদস্য-সচিব, নৈতিকতা কমিটি<br>২। সদস্য (সকল), নৈতিকতা কমিটি |
| **২। রাজশাহী ওয়াসার ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদ করণঃ**<br>সভাপতি এ বিষয়ে জানতে চাইলে সভায় উপস্থিত সদস্য জনাব মোঃ সোহেল রানা, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) সভাকে জানান যে, রাজশাহী ওয়াসার ওয়েবসাইটে উল্লিখিত প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সংযুক্ত করে হালনাগাদ করা হবে। | আগামী ৩০/০৬/২১ তারিখের মধ্যে হালনাগাদ তথ্য উল্লিখিত সেবা বক্সে সংযুক্ত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), রাজশাহী ওয়াসা |
| **৩। ২০২১ সালের COVID-১৯ এর মোকাবেলায় প্রদত্ত বিভিন্ন পরিপত্র অনুযায়ী সিদ্ধান্ত বাস্তবায়নঃ**<br>সভার ২০২১ সালের বর্তমান সময়ের COVID-১৯ এর আশংকাজনক সংক্রমণ বাড়ার বিষয়ে আলোচনা হয়। এ সময়ে ঢেউ মোকাবেলায় সরকার প্রদত্ত সকল নির্দেশনা মেনে জরুরী পানি সেবা অব্যহত রাখার বিষয়ে আলোচনা করা হয়। | রাজশাহী বাসীর জন্য পানিসেবা অব্যহত রাখা হবে। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **৪। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভাঃ**<br>অংশীজনের অংশগ্রহণে ২য় কোয়াটারে ১টি সভার আয়োজন করা হয়েছে। ২য় সভাটি ৪র্থ কোয়াটারে আয়োজন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। | আগামী ৩০.০৫.২০২১ খ্রিঃ তারিখ এর মধ্যে অংশীজনের (stakeholders) অংশগ্রহণের সভা আয়োজন করতে হবে। | উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন), রাজশাহী ওয়াসা |
| **৫। স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণঃ**<br>সভাপতি এই বিষয়ে জানতে চাইলে সভার উপস্থিত সদস্য সভাকে জানান যে, স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স ইতোমধ্যে হালনাগাদ করা হয়েছে বাকী তথ্য-উপাত্ত সংগ্রহ করে সেবাবক্সটিতে সংযুক্ত করে হালনাগাদ করা হবে। | আগমী ৩০.০৬.২০২১খ্রি তারিখ এর মধ্যে তথ্য-উপাত্ত সংগ্রহ করে সেবাবক্সটিতে সংযুক্ত করে হালনাগাদ করা হবে। | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), রাজশাহী ওয়াসা |
| **৬। প্রাতিষ্ঠানিক গণশুনানী আয়োজনঃ**<br>এ বিষয়ের আলোচনায় সদস্য-সচিব জানান যে, প্রেরিত কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী মোট ৩টি গণশুনানীর মধ্যে ২টি ইতিমধ্যে আয়োজন করা হয়েছে। ৪র্থ কোয়াটারে আরও ১টি গণশুনানী আয়োজন করতে হবে। | রাজশাহী ওয়াসায় আগামী জুন/২১ মাসে ১টি গণশুনানী আয়োজন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী (সকল), রাজশাহী ওয়াসা |
| **৭। সচেতনতামূলক লিফলেট বিতরণঃ**<br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে জানানো যায় রাজশাহী ওয়াসার বিল প্রদানের সাথে গ্রাহক সেবা ও COVID-১৯ সংক্রমণ পরিস্থিতি গতি ও প্রকৃতি বিবেচনা করে সচেতনতামূলক লিফলেট বিতরণ করা যায়। | প্রয়োজনীয় লিফলেট বিতরণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | নির্বাহী প্রকৌশলী (সকল), রাজশাহী ওয়াসা |
| ৮। শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশঃ<br>জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান কৌশল বাস্তবায়নের লক্ষ্যে ২০২০-২১ কর্ম পরিকল্পনা অনুযায়ী জারিকৃত নীতিমালার আলোকে শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে কর্মকর্তা/কর্মচারী নির্বাচনের জন্য ০১ম থেকে ১০ গ্রেড কর্মকর্তা ০১জন এবং ১১ থেকে ২০ গ্রেড কর্মচারী মধ্যে থেকে ০১জন কর্মচারীকে পুরস্কার প্রদানের বিষয়ে উপস্থিত সদস্যগণ একমত প্রোষন করেন। | নির্ধারিত সময়ের মধ্যে কমিটি পুরস্কার হিসেবে ১টি সার্টিফিকেট এবং ০১ মাসের মূল বেতনের সমপরিমান অর্থ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। | উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন), রাজশাহী ওয়াসা |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভায় উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন।

১১/৪/২০২১

**সুলতান আব্দুল হামিদ**
ব্যবস্থাপনা পরিচালক
ও
আহবায়ক, জাতীয় শুদ্ধাচার কৌশল
বাস্তবায়নে নৈতিকতা কমিটি
রাজশাহী ওয়াসা, রাজশাহী।
ফোন: ০৭২১-৭৬১৬৪০
Email :rajshahiwasa@gmail.com

স্মারক নং-৪৬.১৬.৮১০০.০০১.০০.২৭৪.২১. ৩৬৫ তারিখঃ ২৮ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ / ১১ এপ্রিল ২০২১ খ্রিঃ

**সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ**

১. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন), রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৩. প্রধান প্রকৌশলী, রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৪. সচিব, রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৫. নির্বাহী প্রকৌশলী (সকল), রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিঃ দায়িত্ব), রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৭. অফিস কপি।

**মুহাম্মদ আবদুল হালিম টলষ্টয়**
সচিব
ও
সদস্য-সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল
বাস্তবায়নে নৈতিকতা কমিটি
রাজশাহী ওয়াসা, রাজশাহী।
ফোন: ০৭২১-৭৬১৬৩৮
Email :rajshahiwasa@gmail.com

## জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত নৈতিকতা কমিটির সভায় উপস্থিতির তালিকাঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১. | জনাব সুলতান আব্দুল হামিদ<br>ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা | আহবায়ক | |
| ২. | জনাব এস.এম. তুহিনুর আলম<br>উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন),<br>রাজশাহী ওয়াসা | সদস্য | |
| ৩. | জনাব মোঃ সোহেল রানা<br>নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), রাজশাহী ওয়াসা | সদস্য | |
| ৪. | জনাব মোঃ মাহবুবুর রহমান<br>নির্বাহী প্রকৌশলী, রাজশাহী ওয়াসা | সদস্য | |
| ৫. | জনাব মুহাম্মদ আবদুল হালিম টলষ্টয়<br>সচিব, রাজশাহী ওয়াসা | সদস্য-সচিব ও<br>ফোকাল পয়েন্ট | |

রাজশাহী পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ
(রাজশাহী ওয়াসা)
বাসা নং-২৮৪, সেক্টর-২ হাউজিং এস্টেট, উপশহর রাজশাহী-৬২০২।
www.rajshahiwasa.org.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং-৪৬.১৬.৮১০০.০০১.০০.২৭৪.২১.

তারিখ ১৭ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
৩১ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

## সভার নোটিশ

আগামী ০১.০৪.২০২১খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১০:৩০ ঘটিকায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে ওয়াসার সভাকক্ষে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

৩১.৩.২০২১

মুহাম্মদ আবদুল হালিম টলষ্টয়
সচিব
ও
সদস্য-সচিব, জাতীয় শুদ্ধাচার কৌশল
বাস্তবায়নে নৈতিকতা কমিটি
রাজশাহী ওয়াসা, রাজশাহী।
ফোন: ০৭২১-৭৬১৬৩৮
Email :rajshahiwasa@gmail.com

জনাব.......................................................

.........................................................

রাজশাহী ওয়াসা, রাজশাহী।

**অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ**

১. ব্যবস্থাপনা পরিচালক, রাজশাহী ওয়াসা, রাজশাহী।
২. উপব্যবস্থাপনা পরিচালক (অর্থ ও প্রশাসন), রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৩. প্রধান প্রকৌশলী, রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৪. এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৫. নির্বাহী প্রকৌশলী (সকল),রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৬. হিসাবরক্ষণ কর্মকর্তা (অতিঃ দায়িত্ব), রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৭. প্রশাসনিক কর্মকর্তা, রাজশাহী ওয়াসা, রাজশাহী।
৮. অফিস নথি।